

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া  
www.rda.gov.bd

গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট  
'পল্লী জনপদ' নির্মাণ (১ম সংশোধিত) প্রকল্প।

**প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) ৬ষ্ঠ সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব খলিল আহমদ

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।

স্থান : আইডব্লিউএম সম্মেলন কক্ষ, আরডিএ, বগুড়া।

তারিখ : ২১/০৬/২০২২ইং

সময় : বেলা ১১:৪৫ ঘটিকা (জুম প্লাটফর্ম)।

সভার শুরুতেই সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রথমেই প্রকল্পের অগ্রগতি ও ৫ম পিআইসি সভার সিদ্ধান্তসমূহ উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালক মহোদয়কে অনুরোধ করেন। প্রকল্প পরিচালক মহোদয় প্রকল্পের অগ্রগতি ও ৬ষ্ঠ পিআইসি সভার অগ্রগতি প্রতিবেদন পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন। পরবর্তীতে সভার সদস্যদের প্রকল্প সম্পর্কিত আলোচনার জন্য সভাপতি মহোদয় আহ্বান জানান। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্তি 'ক' সদয় দৃষ্টব্য।

**সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।**

- ১। সভায় ৫ম পিআইসি সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রশংসা করা হয়। সকলের সম্মতিক্রমে প্রকল্পের সার্বিক অগ্রগতি ও প্রকল্প বাস্তবায়নের সুবিধার্থে প্রকল্পের মেয়াদ ০২ (দুই) বছর বৃদ্ধির বিষয়ে সুপারিশ করা হয়। কারণ চলমান ০৩ (তিন)টি বিভাগের (রংপুর, রাজশাহী ও ঢাকা) অবকাঠামো নির্মাণ কাজের অগ্রগতি রংপুর=১০০%, রাজশাহী=৭০% এবং ঢাকা=৩৫%। কাজেই নির্মাণ কাজের অগ্রগতি বাড়ানোর বিষয়ে জোড়ালো আলোচনা হয়।
- ২। রংপুর উপ-প্রকল্পের অবশিষ্ট ডি-টাইপের ১৯টি ফ্ল্যাটের মধ্যে ১৪টির জন্য আবেদনপত্র পাওয়া গিয়েছে। ১৪টি আবেদনপত্র প্রাথমিক উপকারভোগী নির্বাচন কমিটি কর্তৃক যাচাই-বাছাইপূর্বক ১৪জনকেই ফ্ল্যাট বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়, যা পিআইসি কমিটি অনুমোদন প্রদান করে।
- ৩। অবশিষ্ট ডি-টাইপের ০৫টি ফ্ল্যাটের জন্য আরডিএ ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৪। পল্লী জনপদ রংপুর উপপ্রকল্পে বসবাসরত উপকারভোগীদের সমবায় গঠনতন্ত্র দ্রুততম সময়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে পাঠানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৫। সচিব মহোদয় বিএমটিএফ-এর প্রতিনিধির সাথে রাজশাহী ও ঢাকা বিভাগের প্রকল্পের নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে আলোচনা করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৬। রংপুর উপপ্রকল্পের সোলার প্যানেল এর কার্যকারিতার বিষয়ে গবেষণা প্রতিবেদন জনাব তৌফিক-ই-ইলাহি, মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা (মন্ত্রী) কে পাঠানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(খলিল আহমদ)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।

ও

সভাপতি

প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)।

**অনুলিপিঃ**

১. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. সদস্য, .....
৪. প্রকল্প পরিচালক, পল্লী জনপদ প্রকল্প, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
৫. উপ-প্রকল্প পরিচালক/সহকারী প্রকল্প পরিচালক, পল্লী জনপদ প্রকল্প, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
৬. অফিস নথি।

সভায় উপস্থিতির তালিকা (জ্যৈষ্ঠতার ভিত্তিতে নয়):

ক্রমিক নং	নাম	পদবী	প্রতিষ্ঠান
১।	মোঃ মাহবুবুল হক পাটওয়ারী	অতিরিক্ত সচিব	দারিদ্র্য বিশ্লেষণ ও পরিবীক্ষণ অনুবিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ।
২।	জনাব আইরীন ফারজানা	উপ-সচিব	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৩।	জনাব মোঃ গোলাম মোস্তফা	উপ-সচিব	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৪।	জনাব মোছাঃ জেসমুন নাহার	উপ-সচিব	পল্লী প্রতিষ্ঠান ও সমন্বয় উইং
৫।	জনাব মাহমুদা আক্তার	উপ-সচিব	অর্থ মন্ত্রণালয় (বাজেট-২)
৬।	জনাব মোঃ হেলাল খান	মূল্যায়ন কর্মকর্তা	আইএমইডি
৭।	জনাব কানিজ ফাতেমা	সিনিয়র সহকারী সচিব	প্রোগ্রামিং ডিভিশন
৮।	জনাব মোঃ মিজানুর রহমান	উপ-সচিব	পরিকল্পনা মন্ত্রণালয়